



প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ছাত্র/ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের বরাদ্দকৃত টাকা অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক জি-টু-পি (E.F.T) এর আওতায় অনলাইনে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এ লক্ষ্যে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সম্মানিত অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের একক/অভিভাবকগণের যৌথ নামে বাংলাদেশে অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংকে হিসাব খুলে ব্যাংক ও শাখার নামসহ হিসাব নম্বর, বিদ্যালয়ের অফিস থেকে বৃত্তি সংক্রান্ত তথ্য প্রদানের জন্য তথ্য ফরম সংগ্রহ পূর্বক তা পূরণ করে এবং বৃত্তি সংক্রান্ত কাগজপত্রাদি আগামী ২০/০৫/২০২০ ইং তারিখ, বুধবারের মধ্যে স্কুলের অফিস কক্ষে সকাল ৯টা থেকে বেলা ১টার মধ্যে স্বাস্থ্য সুরক্ষা বিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, বৃত্তি সংক্রান্ত কাগজপত্র জমা দেওয়ার জন্য কোন শিক্ষার্থীর স্কুলে আসার প্রয়োজন নেই। শুধুমাত্র সম্মানিত অভিভাবকগণ বৃত্তি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করবেন।

যদি কোন সম্মানিত অভিভাবক ব্যাংকের হিসাব নম্বর, বৃত্তি সংক্রান্ত তথ্য ও কাগজপত্রাদি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হন তাহলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির টাকা তামাদি হলে বিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

Shafi

প্রধান শিক্ষক

প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ